

স্বতন্ত্র পে স্কেলের দাবিতে শিক্ষকদের মানববন্ধন

নিম্ন প্রতিবেদক ▶

স্বতন্ত্র বেতন কাঠামো সহ (পে স্কেল) সাত মজা দাবিতে মানববন্ধন করেছেন শিক্ষকরা। গতকাল শনিবার প্রাথমিকের জাতীয় প্রেসকনফারেন্সের সময়ে ১১টি শিক্ষক সংগঠনের সমন্বয়ে গঠিত জাতীয় শিক্ষক কর্মচারী ফ্রন্ট এ মানববন্ধনের আয়োজন করে। বক্তায় বলেছে, জাতীয় শিক্ষানীতিতে স্বতন্ত্র বেতন কাঠামোর কথা উল্লেখ রয়েছে। অথচ এ বিষয়ে এখনো সরকারের কোনো পদক্ষেপ নেওয়া যায় না। শিক্ষকদের সুযোগ-সুবিধা নিশ্চিত করা ছাড়া শিক্ষার মানোন্নয়ন সম্ভব নয়।

দাবিগুলো হলো প্রাথমিক থেকে উচ্চ শিক্ষার পর্যন্ত শিক্ষকদের স্বতন্ত্র বেতন কাঠামো, নিয়মিত পদোন্নতি, সরকারি কর্মচারীদের মতো চিকিৎসা, উৎসব ও আবাসন ভাতা প্রদান, যোগ্য শিক্ষক-কর্মচারীদের এমপিও প্রদান, শিক্ষার মানোন্নয়নে শিক্ষক-কর্মচারীদের সম্পৃক্ত করা, প্রতিবন্ধী শিক্ষক-শিক্ষার্থীদের জন্য সমসুযোগ ও সমঅধিকার, শিক্ষা ও পরীক্ষা দলীয় কর্মসূচিবদ্ধ রাখা।

মানববন্ধনে উপস্থিত ছিলেন সাবেক শিক্ষক নেতা ও জাতীয় শিক্ষানীতি প্রণয়ন কমিটির সদস্য অধ্যাপক কাজী ফারুক, ফ্রন্টের আহ্বায়ক মো. আজিজুল ইসলাম, বাংলাদেশ কলেজশিক্ষক সমিতির সাধারণ সম্পাদক অধ্যাপক আবদুল হক প্রমুখ।